বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
"পল্লী ভবন"
৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
Website : www.brdb.gov.bd

স্মারক নং-৪৭.৬২.০০০০.০৫.১০২.২২.৩৫৬.১০.১১৭৬ তারিখ ঃ ১৮ ফেব্রুয়ারি ২০১৯ খ্রিঃ

বিষয়ঃ **এডভোকেট মোঃ আবুল কালাম পাটোয়ারী, বাংলাদেশ সুপ্রীম কোর্ট এর নিকট হতে প্রাপ্ত আপিল আবেদনের প্রেক্ষিতে তথ্য প্রেরণ।**

সূত্রঃ পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের স্মারক নং-৪৭.৬২.০০.০০০০.০৪৪.০৪.০২৭.১৬.৫৪ তারিখঃ ০৭/০২/২০১৯ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের অনুসরণে এডভোকেট মোঃ আবুল কালাম পাটোয়ারী, বাংলাদেশ সুপ্রীম কোর্ট এর নিকট হতে প্রাপ্ত আপিল আবেদনের প্রেক্ষিতে চাহিত তথ্য সদয় পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য এতৎসঙ্গে প্রেরণ করা হ'ল।

১৮/০২/১৯

মুহম্মদ মউদুদউর রশীদ সফদার
মহাপরিচালক
ফোন: ৮১৮০০০২
E-mail : dgbrdb@gmail.com

সচিব
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

[দৃষ্টি আকর্ষণ: যুগ্মসচিব (আইন)]।

D:\ Pradip/Ministry Letter

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
আইন শাখা

নং-৪৭.৬২.০০০০.০৪৪.০৪.০২৭.১৬ -২৮৪

তারিখ : ১১ আষাঢ়, ১৪২৫
২৫ জুন, ২০১৮

বিষয়: রীট পিটিশন নং- ৮৮৬০/২০০৯ এ প্রচারিত ১১.১২.২০১১ তারিখের রায় বাস্তবায় প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জনাব মো: আবুল কালাম পাটওয়ারী, এ্যাডভোকেট, বাংলাদেশ সুপ্রীম কোর্টের নিকট হতে প্রাপ্ত বিবেচ্যপত্রের ছায়ালিপি(সংযুক্তিসহ) এতদসংগে প্রেরণ করা হলো। এ বিষয়ে জরুরী বিধিগত পদক্ষেপ গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক
১ (এক) সেট, ১৮ (আঠার) ফর্দ

(মোঃ আব্দুস সামাদ প্রধান)
সহকারী সচিব
ফোন: ৯৫৭৮০০৮
E-mail: rdcd.lawsection@gmail.com

মহাপরিচালক,
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড,
পল্লী ভবন, ৫ কাওরান বাজার, ঢাকা।

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

১। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৫৭৯
৩০/৭/১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
প্রতিষ্ঠান শাখা-২
www.rdcd.gov.bd

০৭ শ্রাবণ, ১৪২৫ বঙ্গাব্দ
স্মারক নং- ৪৭.০০.০০০০.০৪৭.১৫.২৩১.১৮-২৬১(০৭) তারিখ: ------------------------------
২২ জুলাই, ২০১৮ খ্রিস্টাব্দ

বিষয়: মহামান্য সুপ্রীম কোর্টের রীট পিটিশন ৮৮৬০/০৯, সিভিল পিটিশন ৫২০/১৫, রিভিউ সিভিল পিটিশন ৪৪/২০১৭ মোতাবেক ০১/০৭/২০০৯ইং হতে বিআরডিবির রাজস্ব খাতে স্থানান্তরে সরকারী মঞ্জুরী জ্ঞাপন (জিও) জারীর আবেদন।

সূত্র: বিআরডিবি'র অপ্রধান শষ্য উৎপাদন, সংরক্ষণ, প্রক্রিয়াকরণ ও বাজারজাতকরণ কর্মসূচী এর ৩১ জন মাঠকর্মীর আবেদন, তারিখ: ২০/৫/২০১৮খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) এর অপ্রধান শষ্য উৎপাদন, সংরক্ষণ, প্রক্রিয়াকরণ ও বাজারজাতকরণ কর্মসূচীর জনবল রাজস্ব খাতে স্থানান্তরের বিষয়ে মহামান্য সুপ্রীম কোর্টে দায়েরকৃত রীট পিটিশন নং-৮৮৬০/০৯, সিভিল পিটিশন নং-৫২০/১৫, রিভিউ সিভিল পিটিশন ৪৪/২০১৭ ইত্যাদির বিষয়ে বিআরডিবি কর্তৃক গৃহীত পদক্ষেপ এবং সূত্রে উল্লেখিত আবেদনসমূহের বিষয়ে মতামত সম্বলিত প্রতিবেদন এ বিভাগে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি:- বর্ণনা মোতাবেক।

22/7/2018
(আইরীন ফারজানা)
উপসচিব
ফোনঃ ৯৫৬৩২১১
e-mail: rdcdsection2@gmail.com

মহাপরিচালক
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি)
৫-কাওরান বাজার, ঢাকা।

সদয় জ্ঞাতার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):-

০১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সচিব মহোদয়ের একান্ত সচিব,পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। অতিরিক্ত সচিব (প্রতিষ্ঠান) এর ব্যক্তিগত কর্মকর্তা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
০৫। অফিস কপি।

পরিচালক (প্রশাসন)
এর দপ্তর
ডকেট নং :
তারিখ: ৫/৮/১৮
যুগ্ম-পরিচালক (প্রশাসন)
উপপরিচালক (প্রশাসন-১)
উপপরিচালক (প্রশাসন-২)
উপপরিচালক (জ: ও স:)
সহ:পরিচালক (এসিআর)
পি. এ.
পরিচালক(প্রশা:)
এর স্বাক্ষর:

মহাপরিচালক এর দপ্তর
ডকেট নং ৪৫৫
তাং ৩০-০৭-১৮
পরিচালক (প্রশাঃ)
পরিচালক (অর্থ)
পরিচালক (সরেঃ)
পরিচালক (পল্লপঃ)
পরিচালক (প্রশিঃ)
প্রঃ পরিচালক
উপপরিচালক (জস)
একান্ত সচিব
মহাপরিচালক
এর স্বাক্ষর:
ডকেটকারীর স্বাক্ষর:

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
পল্লী ভবন, ৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫

স্মারক নং-৪৭.৬২.০০০০.২০৮.০৪.৮৫৪.১৭.৭৩২০ তারিখঃ ১৪ অক্টোবর, ২০১৮ খ্রিঃ

বিষয়ঃ **বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) কর্তৃক বাস্তবায়িত/বাস্তবায়নাধীন বিভিন্ন প্রকল্পের জনবল কর্তৃক বিআরিডিবি'র রাজস্ব বাজেটে আত্মীকরণের জন্য মহামান্য সুপ্রীম কোর্টে দায়েরকৃত মামলার রায়ের আলোকে পরবর্তী ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।**

সূত্র ১: পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের স্মারক নং-৪৭.০০.০০০০.০৪৭.১৫.২৩১.১৮-২৬১(০৭) তারিখঃ ২২ জুলাই, ২০১৮ খ্রিঃ।
সূত্র ২: পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের স্মারক নং-৪৭.৬২.০০০০.০৪৪.০৪.০২৭.১৬-২৮৪ তারিখঃ ২৫ জুন, ২০১৮ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে ও সূত্রস্থ পত্রের অনুসরণে মহোদয়ের সদয় অবগতি ও পরবর্তী ব্যবস্থা গ্রহণের নিমিত্তে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়িত/বাস্তবায়নাধীন বিভিন্ন প্রকল্পের জনবল কর্তৃক বিআরডিবি'র রাজস্ব বাজেটে আত্মীকরণের জন্য মহামান্য সুপ্রীম কোর্টে বিভিন্ন সময়ে প্রায় ৯৭ টি মামলা দায়ের করা হয়। যা মহামান্য আদালতের বিভিন স্তরে (হাইকোর্ট, আপীল বিভাগ ও রিভিউ) বিচারাধীন অবস্থায় রয়েছে। তন্মধ্যে ৫ টি মামলায় (রিভিউ পিটিশন নং-৪৪/১৭, ১৪২/১৮, ১৪৩/১৮, ১৪৪/১৮, ১৪৫/১৮ যা যথাক্রমে রীট পিটিশন নং-৮৮৬০/০৯, ২৮৫৬/১৪, ১৮০৯/১৪, ১৭১০/১৩, ১১৫২২/১৩ হতে উদ্ভূত) সম্প্রতি মহামান্য সুপ্রীম কোর্টের আপীল বিভাগ হতে রিভিউ পিটিশন এর রায় প্রচার করেছেন। মহামান্য আদালতের উল্লেখিত রায়ে বাদীগণকে বিআরডিবি'র রাজস্ব বাজেটে স্থানান্তর/আত্মীকরণের ইতিপূর্বের রায় বহাল রাখে। মহামান্য আদালতের রায়ের আলোকে পরবর্তী আইনগত মতামত গ্রহণের নিমিত্তে বিআরডিবি'র বিজ্ঞ সিনিয়র আইন উপদেষ্টা বিচারপতি সৈয়দ আমিরুল ইসলাম (অবঃ) এর মতামত গ্রহণের জন্য নথি প্রেরণ করা হয়েছে। একইসঙ্গে, বিআরডিবি'র বিজ্ঞ আইন উপদেষ্টা জনাব মোঃ আব্দুর রহমানের নিকট স্মারক নং-৬০১৭ তারিখঃ ২০ আগস্ট খ্রিঃ মূলে আইনগত মতামত চেয়ে ও স্মারক নং-৬৫৩৯ তারিখঃ ১৩ সেপ্টেম্বর খ্রিঃ মূলে তাগিদ পত্র প্রেরণ করা হয়েছে। বিআরডিবি'র বিজ্ঞ আইন উপদেষ্টা ও সিনিয়র আইন উপদেষ্টা'র চাহিদা মোতাবেক বিভিন্ন তথ্য সরবরাহ ও নিয়মিত যোগাযোগ রক্ষা করা হচ্ছে। তিনি দ্রুততম সময়ের মধ্যে মতামত প্রেরণ করবেন মর্মে নিশ্চিত করেছেন।

০২। মহামান্য আদালতে বিআরডিবি'র বিভিন্ন প্রকল্প/কর্মসূচীতে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদেরকে রাজস্ব বাজেটে আত্মীকরণের বিষয়ে প্রায় ৯৩ টি চলমান মামলার মধ্যে অধিকাংশ মামলা নিষ্পত্তির পর্যায়ে রয়েছে। মহামান্য আদালতে বিচারাধীন মামলাসমূহের মধ্যে হাইকোর্ট বিভাগে বিচারধীন ৩৪ টি মামলায় বাদীর সংখ্যা প্রায় ১২৪৩ জন, আপীল বিভাগের ৩১ টি মামলায় প্রায় ৭৭৫ জন, ২৩ টি রিভিউ মামলায় প্রায় ৮২৩ জন। অর্থাৎ হাইকোর্ট বিভাগ বা আপীল বিভাগের রায় প্রাপ্ত পিটিশনারের সংখ্যা প্রায় ১৫৯৮ জন। বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) কর্তৃক বাস্তবায়িত/বাস্তবায়নাধীন ৯ টি কর্মসূচী/প্রকল্পের লোকজন উল্লেখিত মামলাসমূহ দায়ের করেছেন। এই সকল কর্মসূচী/প্রকল্পের মোট জনবলের সংখ্যা প্রায় ৯৫০০ জন। যাদের মধ্যে অনেকেই মামলা রুজু করার প্রক্রিয়ার মধ্যে রয়েছেন। উল্লেখিত ৯ টি কর্মসূচী/প্রকল্পে কর্মরত কর্মচারীদেরকে মহামান্য আদালতের রায়ের আলোকে বিআরডিবি'র রাজস্ব বাজেটে ধারাবাহিকভাবে আত্মীকরন করা হলে প্রথমত ঐ সমস্ত প্রকল্প/কর্মসূচীসমূহ খুব স্বাভাবিকভাবেই বন্ধ/সমাপ্ত হয়ে যাবে অর্থাৎ প্রকল্প/কর্মসূচীসমূহের মাধ্যমে পল্লী উন্নয়নের জন্য সরকারের গৃহীত উন্নয়ন পদক্ষেপ ব্যহত হওয়ার সম্ভাবনা রয়েছে। আবার অপরদিকে ঐ সমস্ত প্রকল্প/কর্মসূচীসমূহে জনবল নিয়োগ করা হলে তাঁরাও পূর্বসূরীদের ন্যায় মহামান্য আদালতের শরণাপন্ন হবেন মর্মে অনুমিত হয় এবং এই প্রক্রিয়া চলতেই থাকবে।

০৩। একইসঙ্গে বর্ণিত উন্নয়ন প্রকল্পসমূহের মাধ্যমে বিতরণকৃত ঋণ প্রায় ১৫০০/- (পনের শত) কোটি টাকা বিতরণ/আদায়ের জন্য পর্যাপ্ত জনবল না থাকায় বিআরডিবি'র পক্ষে এই বিপুল পরিমান ঋণের টাকা আদায় করা সম্ভবপর নয়। **অপরদিকে মহামান্য আদালতের সর্বোচ্চ রায়ের প্রতি শ্রদ্ধাশীল থেকে রায় দ্রুত বাস্তবায়নের বাধ্যবাধকতাও রয়েছে।** বিআরডিবি'তে বর্তমানে শূণ্য পদের বিপরীতে সর্বোচ্চ ২৯৮ (প্রায়) জনকে আত্মীকরণ সম্ভব অর্থাৎ বিআরডিবি সর্বোচ্চ আন্তরিকভাবে চেষ্টা করলেও মহামান্য আদালতের রায়প্রাপ্ত সকলকে আত্মীকরণের সুযোগ নেই এবং ধীরে ধীরে বিআরডিবি'র রাজস্ব বাজেটে আত্মীকরণের জন্য মহামান্য আদালতের রায়প্রাপ্ত পিটিশনারের সংখ্যা বাড়তেই থাকবে; কিন্তু বিআরডিবি'র বর্তমান সাংগঠনিক কাঠামোতে বিদ্যমান শূণ্য পদের অনুমোদিত সংখ্যা পিটিশনারদের তুলনায় অপ্রতুল। একইসঙ্গে বিআরডিবি কর্তৃক ভিন্ন ভিন্ন সময়ে গৃহীত/বাস্তবায়িত/বাস্তবায়নাধীন প্রকল্পসমূহে কর্মরত জনবলের জৈষ্ঠ্যতা তালিকা অনুসরন বা প্রণয়নের কোন সুযোগ/বিধান না থাকায় চূড়ান্তভাবে রায়প্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীদেরদের জ্যেষ্ঠতা অনুসারে তালিকা প্রস্তুত করা দুরূহ।

চলমান পাতা-২

ফোনঃ +৮৮০২-৮১৮০০০২, ফ্যাক্সঃ ০২-৮১৮০০০৩, ই-মেইলঃ dgbrdb@gmail.com, dg@brdb.gov.bd ওয়েবসাইটঃ www.brdb.gov.bd